ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মহিলার সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

লজ্জাস্থান

পূর্বেই বলা হয়েছে যে, মহিলার দেহের প্রায় সবটাই হল লজ্জাস্থান। সুতরাং সেই লজ্জাস্থানকে গোপন করে লজ্জাশীলতা আনয়ন করা মহিলার একটি প্রকৃতিগত স্বভাব। আর এই প্রকৃতিগত লজ্জাশীলতা ও গোপনীয়তায়ই রয়েছে মহিলার প্রকৃত সৌন্দর্য। আর সে সৌন্দর্য দেখার অধিকারী হল একমাত্র স্বামী।

লজ্জাস্থানের লোম পরিষ্কার ব্যাপারে পুরুষের মতই মহিলারও বিধান রয়েছে। অবশ্য পুরুষের চেয়ে মহিলাই এ বিষয়ে অধিক তৎপর।

প্রকাশ থাকে যে, গুপ্তাঙ্গের লোম আদি (বৈজ্ঞানিক পদ্ধতিতে) পরিষ্কার করতে কোন মহিলার কাছেও লজ্জাস্থান খোলা বৈধ নয়।[1]

মহিলাদের জন্য খতনার বিধান আছে ইসলামে। তবে পুরুষের মত জরুরী হিসাবে নয়। মুস্তাহাব হিসাবে তা কেউ চাইলে করতে পারে। কথিত আছে যে, সর্বপ্রথম বিবি হাজার (হাজেরা) খতনা করেছিলেন।[2]

ফুটনোট

[1]. আল-ফাতাওয়াল মুহিম্মাহ, লিনিসাইল উম্মাহ ১৩পৃঃ, ইলা রাববাতিল খুদূর ১০৩পৃঃ

[2]. আল-বিদায়াহ অন-নিহায়াহ ১/১৫৪

Source — https://www.hadithbd.com/books/link/?id=7889

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন